# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৩৯

১/ বিবিধ

আরবী

التوبة تجب ما قبلها

لا أعرف له أصلا

خلافا لما يشعره صنيع الحافظ ابن كثير في تفسير قوله تعالى: " فَأُولَئِكَ يَدْخُلُونَ الْجَنَّةَ وَلَا يُظْلَمُونَ شَيْئًا"، قال (3/129) : وذلك لأن التوبة تجب ما قبلها، وفي الحديث الآخر: " التائب من الذنب كمن لا ذنب له

فقوله: الحديث الآخر يعطي أن الذي قبله حديث، فهو في تعبيره الحديث الأول، ولذلك تورط بكلامه هذا الشيخ الرفاعي فأورده في فهرس " الحديث الشريف "! من مختصره " (2/619) ، وليس هذا فقط بل ووضع بجانبه قوله: صح!! وكذلك فعل في الحديث الآخر، وهذا الخطب فيه سهل، فإنه معروف في بعض كتب السنة، وقد حسنته في " صحيح الجامع الصغير " (3005) بخلاف هذا فإني لا أعرف له أصلا البتة، ومع ذلك فقد صححه المذكور، هداه الله

وفي ظني أن الحديث التبس أمره على ابن كثير ومختصره بالحديث الصحيح: " إن الإسلام يجب ما كان قبله، وإن الهجرة تجب ما كان قبلها " زاد في رواية وإن الحج يهدم ما كان قبله "، وهو مخرج في " الإرواء " (1280)

বাংলা

১০৩৯। তওবা পূর্ববর্তী সব কিছুকে ঢেকে ফেলে।

এর ভিত্তি আছে বলে জানি না।

হাফিয ইবনু কাসীর তার “তাফসীর” (৩/১২৯) গ্রন্থে (فَأُولَئِكَ يَدْخُلُونَ الْجَنَّةَ وَلَا يُظْلَمُونَ شَيْئًا) এ আয়াতের ব্যাখ্যায় বলেছেনঃ তা এ কারণে যে, তওবা তার পূর্ববতী পাপকর্মগুলোকে ঢেকে ফেলে।

আর অন্য হাদীসে এসেছেঃ গুনাহ হতে তাওবাকারী সেই ব্যক্তির ন্যায় যার কোন গুনাহ নেই।

অন্য হাদীসে আছে তার এ কথা ইঙ্গিত করছে যে, প্রথম কথাটি হাদীস।

দ্বিতীয় হাদীসটির ব্যাপারে কোন প্রশ্ন নেই। কারণ সেটি সুন্নাতের গ্রন্থসমূহে এসেছে এবং আমি এটিকে “সহীহ জামেউস সাগীর” (৩০০৫) গ্রন্থে হাসান আখ্যা দিয়েছি। কিন্তু আলোচ্য হাদীসের কোন ভিত্তি সম্পর্কে আমি জানি না। তার পরেও শাইখ রেফা’ঈ সেটিকে সহীহ আখ্যা দিয়েছেন। আল্লাহ তাকে হেদায়েত দান করুন।

আমার ধারণা ইবনু কাসীর (রহঃ)-এর নিকট আলোচ্য হাদীসটি অন্য একটি সহীহ হাদীসের কারণে সন্দেহজনক হয়ে গেছে। সেটি হচ্ছে এই যে,

إن الإسلام يجب ما كان قبله، وإن الهجرة تجب ما كان قبلها

ইসলাম ঢেকে ফেলে তার পূর্বের যাবতীয় সব কিছুকে। আর হিজরত ঢেকে ফেলে তার-পূর্ববর্তী সব কিছুকে। অন্য বর্ণনায় এসেছেঃ হজ্জ তার পূর্বের সবকিছুকে ধ্বংস করে ফেলে। এ হাদীসটিকে আমি "আল-ইরউওয়া" (১২৮০) গ্রন্থে তাখরাজ করেছি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71918

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন